দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 DEC 2016 ...
পৃষ্ঠা ...৬... কলাম ... ৬...

# শিক্ষার উদ্দেশ্য ব্যর্থ হচ্ছে কেন

রুম্মান হাফিজ



শিক্ষার মাধ্যমে মানুষ প্রকৃত মানুষ হয়ে ওঠে। তাই বলা হয়ে থাকে—'জ্ঞানই আলো আর অজ্ঞতাই অন্ধকার'।মানুষের প্রকৃতিগত আচরণের পরিবর্তনই শিক্ষা। অজ্ঞ মানুষ অনেক সময় পশুর মতো আচরণ করে থাকে। কেননা তার শিক্ষা নেই। মানুষের মনুষ্যত্ব অর্জিত হয় শিক্ষার মাধ্যমে। কিন্তু পরিতাপের বিষয় হলো, সমাজের অধিকাংশ অপরাধ সংঘটিত হচ্ছে শিক্ষিত ব্যক্তিদের দ্বারাই। শিক্ষা অর্জন করে মানুষ, মানুষ হওয়ার পরিবর্তে পরিণত হচ্ছে নিকৃষ্ট পশুতে।

বর্তমান শিক্ষা আমাদের প্রকৃত মানুষ উপহার দিতে ব্যর্থ হচ্ছে কেন? উত্তর একটাই—আমাদের নৈতিকতাবিহীন শিক্ষাব্যবস্থা। সমাজকে প্রকৃত মানুষ উপহার দিতে হলে নৈতিকতাযুক্ত শিক্ষার কোনো বিকল্প নেই। তাই আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলতে এখনই সময় আমাদের শিক্ষাব্যবস্থা নিয়ে চিন্তা করার এবং এর সংস্কার সাধন করার।

সিলেট